দৈনিক সংবাদ

তারিখ ... 15 FEB 1990 ...
পৃষ্ঠা ... 12 ... কলাম ... 8 ...

# সারা দেশে বেসরকারী শিক্ষক-কর্মচারীদের ধর্মঘট পালিত

(নিজস্ব বার্তা পরিবেশক)

বাংলাদেশ শিক্ষক সমিতির আহ্বানে গতকাল বুধবার দেশব্যাপী বেসরকারী মাধ্যমিক স্কুলে শিক্ষক-কর্মচারী ধর্মঘট পালিত হয়েছে।

বৈষম্যহীন প্রগতিশীল গণতান্ত্রিক শিক্ষা ব্যবস্থা প্রতিষ্ঠাসহ ৭ দফা এবং কয়েকটি জরুরী দাবী আদায়ের লক্ষ্যে একদিনের এই প্রতীক ধর্মঘট ডাকা হয়েছিল।

ধর্মঘট উপলক্ষে ঢাকায় কেন্দ্রীয় শহীদ মিনারে শিক্ষক সমাবেশ অনুষ্ঠিত হয়। তার আগে প্রেসক্লাবের সামনে থেকে শিক্ষকরা মিছিল করে এখানে আসেন।

সংগঠনের সভাপতি কামরুজ্জামান সমাবেশে সভাপতিত্ব করেন। বক্তব্য রাখেন সাধারণ সম্পাদিকা হেনা দাস, আলাউদ্দিন ভুঁইয়া, আবুবকর সিদ্দিক প্রমুখ। বক্তারা প্রগতিশীল শিক্ষানীতির জন্য সংগ্রামরত ছাত্রদের আন্দোলনের সাথে একাত্মতা ঘোষণা করে সরকারের শিক্ষা সংকোচন নীতির নিন্দা জানান। তারা প্রগতিশীল শিক্ষা ব্যবস্থা প্রতিষ্ঠার জন্য আরো শক্তিশালী শিক্ষক আন্দোলন গড়ে তোলারও আহ্বান জানান।

11